দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

09 APR 1989
তারিখ ... 3
পৃষ্ঠা ... 4 কলাম

# প্রাথমিক বিদ্যালয়গুলিতে বহুবিধ সমস্যা ॥ শিক্ষাদান ব্যাহত

দেশের প্রাথমিক বিদ্যালয়গুলিতে নানা সমস্যা, বিশেষতঃ বিদ্যালয়গুলি সংস্কার-আসবাব সঙ্কট ও সম্প্রসারণের অভাবে ছাত্রছাত্রীদের শিক্ষাদান গুরুতর ব্যাহত হইতেছে। খবর ইত্তেফাকের সংশ্লিষ্ট সংবাদদাতাগণের।

**কালিয়াকৈর :** কালিয়াকৈর উপজেলা সদরে কালিয়াকৈর প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র সংখ্যার অনুপাতে অর্ধেক স্থানাভাব থাকায় বহু বছর ধরিয়া ছাত্র-ছাত্রীরা অসুবিধা ভোগ করিতেছে। ভূঙ্গরাজ সরকারী প্রাথমিক বিদ্যালয় গৃহের দরজা-জানালা বা আসবাব কিছুই নাই। দেওয়াইর প্রাথমিক বিদ্যালয়ের ছাদ ভাঙ্গা, আজও মেরামত করা হয় নাই।

**রূপগঞ্জ :** রূপগঞ্জ উপজেলার পূর্ব গ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কক্ষগুলি একান্তই অপরিসর। তাহাছাড়া, ছাত্র-ছাত্রীদের জন্য প্রস্রাব-পায়খানার কোনও ব্যবস্থা নাই। মাঝিনানদীর পাড় সরকারী প্রাথমিক বিদ্যালয়েরও এই একই পরিস্থিতি।

**দাউদকান্দি (কুমিল্লা) :** প্রাকৃতিক দুর্যোগ ও বিভিন্ন নির্বাচনের সময়ে ক্ষতিগ্রস্ত দাউদকান্দি, হোমনা চান্দিনা মুরাদনগর ও দেবীদ্বার উপজেলার বহু শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষাদান গুরুতর বিঘ্নিত হইতেছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলির আজও সংস্কার হয় নাই। শতকরা ৯০টি বিদ্যালয় ভবনগুলির ছাদ ধসিয়া পড়িতেছে।

হোমনা উপজেলার সাতআনি, কাশিপুর, মঙ্গলকান্দি প্রভৃতি প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা খুবই করুণ। দাউদকান্দি উপজেলার ১শত ৭৩টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩৩টি গত বন্যায় মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে। আর পক্ষেঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হইয়াছে। কমপক্ষে ১৮টি প্রাথমিক বিদ্যালয়। কিছু কিছু বিদ্যালয়েরসংস্কার করা হইলেও অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানেই মেরামতের আঁচড় লাগে নাই। এই সকল এলাকায় বহু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সরকারী না হওয়ায় একদিকে ছাত্র-ছাত্রীদের যেমন অসুবিধা হইতেছে অপরদিকে কর্মরত শিক্ষকদের দুরবস্থা চরম আকার ধারণ করিয়াছে।

**শরীতপুর :** নভেম্বরের ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত সদর উপজেলাসহ শরীয়তপুর জেলায় ২২৪টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মেরামত আজও হয় নাই।

ফলে এসব স্কুলে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার পরিবেশ না থাকায় শিক্ষকগণ স্কুলের মাঠে, পার্শ্ববর্তী কোন বাড়ীর বৈঠকখানায় অথবা নিকটবর্তী কোন মসজিদে কোন রকমে ক্লাস চালাইতেছেন।

এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বলেন, ঝড়ে ক্ষতিগ্রস্ত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের তালিকা ডি,জি, (শিক্ষা) অফিসে পাঠান হইয়াছে এবং উপজেলা

(৪র্থ পৃঃ দ্রঃ)

## প্রাথমিক বিদ্যালয়গুলিতে

(৩য় পৃঃ পর)

সহকারী প্রকৌশলীদের হিসাবানুযায়ী এসব স্কুল মেরামতের জন্য ৩১ লক্ষ ৫১ হাজার টাকা চাহিয়া সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রস্তাব পাঠান হইয়াছে।